ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.১৭৭.২৩** নথির বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন ধানমন্ডি রোড ৩/এ, ৪/এ, ৫/এ, ৬/এ, ৭/৮, ৮/এ, ৯/এ ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (১ম ধাপ, ক্রমিক নং-২)।

নোট: ১ নোটের বিষয়: **ধানমন্ডি রোড ৩/এ, ৪/এ, ৫/এ, ৬/এ, ৭/৮, ৮/এ, ৯/এ ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (১ম ধাপ, ক্রমিক নং-২)।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৯/১০/২৩ ৩:৪০ অপরাহ্ন

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ন এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে জাতীয় সংসদ ভবন, গণভবন, এম.পি হোষ্টেল সমূহ, পরিকল্পনা মন্ত্রনালয়, বঙ্গবন্ধু যাদুঘরসহ অসংখ্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যেমন রয়েছে তেমনি বহু রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের আবাসিক এলাকা "ধানমন্ডি" অবস্থিত। অত্র জোনের দক্ষিনে নীলক্ষেত, পূর্বে কাজী নজরুল ইসলাম এভিনিউ, উত্তরে কল্যানপুর মেইন খাল এবং পশ্চিমে বেড়িবাঁধ ও তদপরবর্তী (ঢাকা উদ্যানসহ) তুরাগ নদী পর্যন্ত প্রসারিত। উল্লেখযোগ্য এলাকা সমুহের মধ্যে অন্যতম এলাকা সমুহ হলো ধানমন্ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, জিগাতলা, কলাবাগান, শেরেবাংলা নগর, মনিপুরী পাড়া, শ্যামলী, শংকর, রাজাবাজার, রায়েরবাজার ইত্যাদি। বর্তমানে ৪ টি পয়ঃ লিফট ষ্টেশনের মাধ্যমে জোনের পয়ঃ বর্জ্য সমুহ বিভিন্ন নেটওয়ার্কের মাধ্যমে পয়ঃ শোধনাগারে প্রেরণ করা হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৯/১০/২৩ ৩:৪০ অপরাহ্ন

এম.আই.এস রিপোর্ট (মে/২০১৫) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ম্যানহোল ৩১০০টি ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে অত্র মডস জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে পয়ঃ লাইনের স্বাভাবিক প্রবাহ বাধাপ্রাপ্ত হয়ে অনেক জায়গায় পয়ঃ ওভার ফ্লো দেখা দেয়। ফলে পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্নক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র মডস জোনের বিভিন্ন এলাকা হতে প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। **সুষ্ঠু ভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে মোট তিন ধাপে আগামী শীত মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।** উল্লেখ্য যে,ঢাকা মহানগরীর পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের বিশেষ নির্দেশনা রয়েছে। সেই প্রেক্ষিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজের প্রতিদিনের উত্তোলিত স্লাজ প্রতিদিনই বিভাগীয় গাড়ীর সাহায্যে অপসারন করার জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের অফিস নির্দেশনা রয়েছে (সংযুক্ত ক্রঃ নং- ০১)। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে প্রতি বছরের ন্যায় এই বছরেও দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে।

সংযুক্তিসমূহ (১):
১। স্লাজ অপসারনের বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক নির্দেশনা।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৯/১০/২৩ ৩:৪১ অপরাহ্ন

মডস জোন-৩ এর আওতাধীন সমগ্র এলাকাকে ২৪ টি ভাগে/গ্রুপে বিভক্ত করতঃ প্রতি বছরেই ৩ ধাপে ৮টি করে মাস ক্লিনিং কাজ সম্পন্ন করা হয়। বর্তমানে চলতি বছরেও পূর্বের ধারাবাহিকতায় ১ম ধাপের মোট ৮ (আট) টি গ্রুপের মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ সম্পন্ন করণের জন্য প্রাক্কলণ প্রণয়ন করা হয়েছে। নিরবিচ্ছিন্ন গ্রাহক সেবা প্রদান ও কর্তৃপক্ষের কাজের ধারাবাহিকতা রক্ষার্থে ১ম ধাপের মাস্ ক্লিনিং কাজের জন্য **পয়ঃ লাইন পরিস্কার করন ও স্লাজ সরানো সহ ৮ (আট) টি গ্রুপের কাজ আগামী ১০ নভেম্বর ২০২৩ তারিখ হতে শুরু করা প্রয়োজন। ১ম** পর্যায়ের প্রস্তাবিত মাস্ ক্লিনিং কাজের গ্রুপ সমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

১) ধানমন্ডি রোড নং ১১,১২,১৩,১৪,১৫ ও ১৬ অর্থাৎ পূর্বে মিরপুর রোড, পশ্চিমে ধানমন্ডি লেক উত্তরে রোড নং-২৭ এর মধ্যবর্তী এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৭.১০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৭২ টি)।

২) ধানমন্ডি রোড ৩/এ, ৪/এ, ৫/এ, ৬/এ, ৭/৮, ৮/এ, ৯/এ ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৬.৭০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪০ টি)।

৩) ইকবাল রোড, স্যার সৈয়দ রোড, শের শাহসুরী রোড, আযম রোড, শাজাহান রোড, বাঁশবাড়ী, নুরজাহান রোড এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৬.০০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৫ টি)।

৪) ঝিগাতলা, মনেশ^র রোড, খায়েরুন নেছা রোড, মিতালী রোড, টালী অফিস রোড, সালেক রোড ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৬.৬০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৪ টি)।

৫) শংকর, চেয়ারম্যানগলি, জাফরাবাদ, কাটাসুর, পুল পাড়, নিড়িবিলি হাউজিং প্রজেক্ট, আজিজ কো-অপারেটিভ, সোসাইটি ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৬.৭০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪৪ টি)।

৬) এলিফ্যান্ট রোড, নিউ এলিফ্যান্ট রোড, মুরগী পট্টী, হাতিরপুল, ওয়েষ্ট এন্ড ষ্ট্রীট, সেন্ট্রাল রোড, নর্থ সার্কুলার রোড ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৬.৫৫ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৪২ টি)।

৭) মনিপুরী পাড়া, সংসদ ভবন এলাকা, রোকেয়া স্মরনী, খামারবাড়ী ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৫.৩০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৬১ টি)।

৮) লালমাটিয়া ব্লক-এ,বি,সি,ডি, এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ। কাজ (মোট পয়ঃ লাইনের দৈর্ঘ্য =৫.৮০ কিঃমিঃ; ম্যানহোল সংখ্যা = ১৩২ টি)।

সংযুক্তিসমূহ (২):
১। ১ম ধাপে প্রস্তাবিত মাস্ ক্লিনিং কাজের তালিকা।.
২। মাস্ ক্লিনিং কাজের ম্যাপ।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/১০/২৩ ৩:৪২ অপরাহ্ন

মডস জোন-৩এর সমগ্র এলাকাকে (২৪ গ্রুপ মাস ক্লিনিং) ২৪ টি ভাগে বিভক্ত করা হয়। উক্ত ২৪ টি গ্রুপের মধ্যে ১ম ধাপে ৮ টি গ্রুপ মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারনের কাজ Force Account এর মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হলো। কাজ চলাকালীন সময় প্রতি বছরের ন্যয় মাস্ ক্লিনিং কাজের পরিদর্শন কমিটিকে কাজের সিডিউল প্রদান করা হবে ও কাজ শেষে পরিদর্শন কমিটি কর্তৃক সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি স্বাপেক্ষ্যে ভাউচার সমুহ সমন্বয় করা হবে। **অত্র মডস জোনের আওতাধীন ধানমন্ডি রোড ৩/এ, ৪/এ, ৫/এ, ৬/এ, ৭/৮, ৮/এ, ৯/এ ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ** করার জন্য ঢাকা ওয়াসা এর পূর্ব অনুমোদিত দর অনুযায়ী খরচের হিসাব তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার)** টাকা মাত্র। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট (পিপিআর) বিধিমালা ২০০৮ এর ৮২(১) বিধি (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র মডস জোনের *২০২৩-২০২৪ ইং অর্থবছরেরঅনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) অথবা চলতি অর্থবছরে অত্র মডস জোনের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষনাবেক্ষন (কোড নং-01-04-002)* হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):
১। ২০২৩-২৪ ইং অর্থ বছরে মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। পূর্বের অনুমোদিত দর।.
৩। প্রাক্কলণ।.

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৯/১০/২৩ ৩:৪৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে **" মডস জোন-৩ এর আওতাধীন ধানমন্ডি রোড ৩/এ, ৪/এ, ৫/এ, ৬/এ, ৭/৮, ৮/এ, ৯/এ ইত্যাদি এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন মাস ক্লিনিং ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (১ম ধাপ, ক্রমিক নং-২)"** কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৳ ২৮৮০০০/- (দুই লক্ষ আটাশি হাজার)** টাকার প্রাক্কলণটি অনুমোদন।

খ) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট (পিপিআর) বিধিমালা ২০০৮ এর বিধি ৮২(১) (Force Account) অনুসারে বাস্তবায়ন করতঃ কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করার অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র মডস জোনের *২০২৩-২০২৪ ইং অর্থবছরেরঅনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার B-14.2 এর ক্রমিক নং - ৯ (Force Account) অথবা চলতি অর্থবছরে অত্র মডস জোনের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের পয়ঃ লাইন রক্ষনাবেক্ষন (কোড নং-01-04-002) খাত* হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হলো।

২৯/১০/২৩ ৫:৫৫ অপরাহ্ন
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২৯/১০/২৩ ৬:২৫ অপরাহ্ন
আনসার আহমেদ চকদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২৯/১০/২৩ ৭:১২ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৯/১০/২৩ ৮:৪৫ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

৩০/১০/২৩ ৬:১৪ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~৩০/১০/২৩ ৬:১৪ পূর্বাহ্ন~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)~~
~~এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩০/১০/২৩ ১০:২১ পূর্বাহ্ন

Forwarded for the approval of note 1.4.

৩০/১০/২৩ ১০:২১ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর

~~৩০/১০/২৩ ১০:২১ পূর্বাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৩০/১০/২৩ ৯:৪১ অপরাহ্ন

Okay

৩০/১০/২৩ ৯:৪১ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২/১১/২৩ ২:২৫ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২/১১/২৩ ২:২৫ অপরাহ্ন
তৌফিক আহমদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩